সংবাদ

তারিখ ... 20 DEC 2017 ...
পৃষ্ঠা ... ৪ ... কলাম ... ১ ...

শিক্ষা প্রতিষ্ঠান এমপিওভুক্তির দাবিতে

# ২৫ জানুয়ারি সমাবেশের ঘোষণা

নিজস্ব বার্তা পরিবেশক

শিক্ষা প্রতিষ্ঠান এমপিওভুক্তির দাবিতে আগামী ২৫ জানুয়ারি ঢাকায় মহাসমাবেশ করবেন 'স্বাধীনতা নন-এমপিও শিক্ষা প্রতিষ্ঠান কর্মচারী ফেডারেশন'। এছাড়া তারা যোগদানের দিন থেকে চাকরির বয়স গণনা করারও দাবি জানিয়েছেন।

গতকাল জাতীয় প্রেসক্লাবে আয়োজিত এক সংবাদ সম্মেলনে ফেডারেশনের নেতারা এ তথ্য জানান। এতে লিখিত বক্তব্য পাঠ করেন ফেডারেশনেব সভাপতি অধ্যক্ষ এশারত আলী। সংবাদ সম্মেলনে প্রধান অতিথি ছিলেন স্বাধীনতা শিক্ষক পরিষদের সাধারণ সম্পাদক অধ্যক্ষ শাহজাহান আলম সাজু। উপস্থিত ছিলেন ফেডারেশনের সাধারণ সম্পাদক অধ্যক্ষ মিলন কুমার ঘোষ, আবুল কালাম আজাদ, আনোয়ার হোসেন প্রমুখ।

অধ্যক্ষ শাহজাহান আলম সাজু বলেন, শিক্ষা ক্ষেত্রে ব্যাপক উন্নতি হওয়া সত্ত্বেও এমপিওভুক্তি না হওয়ার কারণে নন-এমপিও শিক্ষকরা মানবেতর জীবনযাপন করছেন। তিনি অতি দ্রুত সময়ের মধ্যে দেশের সব নন-এমপিও শিক্ষা প্রতিষ্ঠানকে এমপিওভুক্তির প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করার জন্য প্রধানমন্ত্রী, অর্থমন্ত্রী ও শিক্ষামন্ত্রীর প্রতি আহ্বান জানিয়েছেন।

লিখিত বক্তব্যে অধ্যক্ষ এশারত আলী বলেন, 'এমপিওভুক্তি না হওয়ায় প্রায় পাঁচ হাজারের বেশি স্কুল ও কলেজের এক লাখের বেশি শিক্ষক-কর্মচারী মানবেতর জীবনযাপন করছেন। আমাদের দাবি পূরণের জন্য শিক্ষামন্ত্রী কয়েক দফা আশ্বাস দিয়েছেন। কিন্তু কোন কাজ হয়নি।'

তিনি জানান, সংগঠনের বিভিন্ন দাবি পূরণের লক্ষ্যে ২৪ ডিসেম্বর থেকে আগামী ২০ জানুয়ারি পর্যন্ত জেলায় জেলায় মতবিনিময় সভা, গণসংযোগ, জেলা ও বিভাগীয় পর্যায়ে সমাবেশের আয়োজন করা হয়েছে। এরপরও দাবি আদায় না হলে ২৫ জানুয়ারি রাজধানীতে মহাসমাবেশ করে আরও কঠোর কর্মসূচি ঘোষণা করা হবে।